মতিঝিলে নির্বাচনী প্রচারণায় হাদির ওপর ময়লা পানি নিক্ষেপ

সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি শুক্রবার মতিঝিলের এজি বি কলোনিতে নির্বাচনী প্রচারণায় গেলে অজ্ঞাত কয়েকজন তার ওপর ময়লা পানি ছুড়ে মারে। ঘটনার পরও হামলাকারীদের পরিচয় সম্পর্কে তিনি কিছু জানাননি।

শনিবার (১৫ নভেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওতে হাদি জানান, প্রচারণার সময় তার গায়ে তিন দফায় ময়লা পানি নিক্ষেপ করা হয়। ভিডিওতে তাকে বলতে শোনা যায়, “ভাই, ময়লা পানি মারছেন—আরও মারতে পারেন, সমস্যা নেই…”

আগামী জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ (শাহবাগ, মতিঝিল, রমনা, পল্টন ও শাহজাহানপুর) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়ছেন শরিফ ওসমান হাদি।

LENS ASIA